



স্মারক নং- পিবিপ্রবি/রেজিস্ট্রার দপ্তর/গুচ্ছ ভর্তি (২৫-২৬)/২০২৫/০৫(০১)

তারিখ : ২৩ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ  
০৭ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

চূড়ান্ত ভর্তির বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান/সম্মান) ১ম বর্ষে চূড়ান্তভাবে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে (admission.prstu.ac.bd) আগামী ০৯/০৭/২০২৬ তারিখ দুপুর ১২ : ০০ টা হতে ১১/০৭/২০২৬ তারিখ রাত ১১ : ৫৯ টার মধ্যে নিম্নোক্ত হারে ভর্তি ফি প্রদানপূর্বক চূড়ান্ত ভর্তি নিশ্চিত করতে হবে।

বিভাগ	মোট ভর্তি ফি	GST-তে প্রদত্ত ফি	অবশিষ্ট ভর্তি ফি
গণিত, পরিসংখ্যান, মনোবিজ্ঞান ও সিএসই	১৫,২০০/-	৫,০০০/-	১০,২০০/-

- ❖ ভর্তির জন্য শিক্ষার্থীকে নগদ/রকেট মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে অবশিষ্ট ভর্তি ফি (১০,২০০/-) জমা প্রদানপূর্বক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে হতে ভর্তি ফর্ম ডাউনলোড ও প্রিন্ট করা যাবে। উল্লেখ্য, অনলাইনে কোন ধরনের কারিগরি সমস্যা সৃষ্টি হলে ম্যানুয়ালি ভর্তির সুযোগ থাকবে।
- ❖ ভর্তি নিশ্চায়নপূর্বক ১২/০৭/২০২৬ ও ১৩/০৭/২০২৬ তারিখ সকাল ১০ : ০০ টা হতে বিকাল ৩ : ০০ টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস : বাড়ি নং-২৬৪/২, পুলিশ লাইন সড়ক, শিকারপুর, পিরোজপুর-৮৫০০ এ স্ব-স্ব বিভাগে (অ্যাকাডেমিক ভবন, গণিত বিভাগ, কক্ষ নং-২০১; পরিসংখ্যান বিভাগ, কক্ষ নং-২০২; সাইকোলজি বিভাগ, কক্ষ নং-২০৩; সিএসই বিভাগ, কক্ষ নং-২০৪) সশরীরে উপস্থিত হয়ে আলাদা একটি A4 সাইজের খামে প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিলপূর্বক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য বলা হলো।
- ❖ শিক্ষার্থীকে ভর্তির জন্য নিম্নবর্ণিত সনদপত্র ও কাগজপত্রাদি জমা দিতে হবে :
  - (ক) অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরম ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি;
  - (খ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
  - (গ) GST গুচ্ছ ভর্তি পরীক্ষার প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card;
  - (ঘ) SSC/সম্মান পরীক্ষার মূল সনদপত্র, নম্বরপত্র ও প্রতিটির এক কপি সত্যায়িত ফটোকপি;
  - (ঙ) HSC/সম্মান পরীক্ষার মূল সনদপত্র, নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও প্রতিটির এক কপি সত্যায়িত ফটোকপি;
  - (চ) প্রাথমিক ভর্তি সংক্রান্ত Acknowledgement Receipt এর মূল কপি (যারা অত্র বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করেছে);
  - (ছ) মূল নম্বরপত্র অন্য কোন বিশ্ববিদ্যালয়ে জমা দিয়ে থাকলে তা নিজ দায়িত্বে সেই বিশ্ববিদ্যালয় থেকে উত্তোলন করে অত্র বিশ্ববিদ্যালয়ে জমা দিয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে;

• কোটায় ভর্তির ক্ষেত্রে উল্লিখিত কাগজপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে :

- মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মূল মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
- ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্রের একটি সত্যায়িত ফটোকপি;
- বিশেষ দৃষ্টব্য : যাচাই-বাছাইয়ের যেকোন পর্যায়ে যদি কোন সনদপত্র বা অন্য কোন কাগজপত্রের জালিয়াতি/অসত্যতা প্রমাণিত হয়, তাহলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ভর্তি বাতিল হবে এবং তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় ও দেশের প্রচলিত বিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিশেষ শর্তাবলি : শিক্ষার্থীদের প্রদত্ত তথ্যাবলিতে কোনো অসঙ্গতি পরিলক্ষিত হলে যে কোন পর্যায়ে ভর্তি/প্রার্থিতা বাতিল করা হবে। যেকোনো ভুলত্রুটি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করতে পারবেন। ভর্তি পদ্ধতি সংক্রান্ত তথ্য যথাক্রমে [www.prstu.ac.bd](http://www.prstu.ac.bd) ও [admission.prstu.ac.bd](http://admission.prstu.ac.bd)-এ পাওয়া যাবে।

হেল্পলাইন : জনাব মোঃ মাহমুদুল হাসান ফয়সাল, সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল (মোবাইল : ০১৫৫৮-৯১০৭৪১)

ডাইস-চ্যাপেলের মহোদয়ের অনুমোদনক্রমে

প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক (সকল), পিবিপ্রবি;
২. ওয়েবসাইট/নোটিশ বোর্ড;
৩. অফিস কপি।

(ড. আকতার হোসেন) ০৭/০৭/২৬

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

টেলিফোন : ০২-৫৫০৭৩০৪৭